**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 02-07-2025** **Desk in Charge : DSS**

**Time : 7-35 AM** **News Editor : DSS**

**DEO : KB** **NR : NBR**

**Announcement :-** আকাশবাণী**,** খবর পড়ছিঃ –

বিশেষ বিশেষ খবর -

১/ কলকাতার একটি ল' কলেজে আইনী পড়ুয়ার ধর্ষণের ঘটনায় জড়িত চার অভিযুক্তের মধ্যে তিনজনকে আদালত ৮-ই জুলাই এবং একজনকে চৌঠা জুলাই পর্যন্ত পুলিশী হেফাজতে পাঠিয়েছে।

# মূল অভিযুক্ত তিনজনকে বহিষ্কার করা হয়েছে কলেজ থেকে।

# এদিকে, ওই ঘটনায় দায়ের হওয়া জনস্বার্থ মামলাগুলির আগামীকাল হাইকোর্টে শুনানি হবে।

২/ রাজ্যে স্নাতক স্তরে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদনের সময়সীমা আরও ১৫ দিন বাড়িয়েছে উচ্চ শিক্ষা দফতর।

৩/ সুপ্রিম কোর্টের নির্দেশের পরেও 'অযোগ্য' বলে চিহ্নিতদের নতুন করে পরীক্ষায় কেন বসতে দেওয়া হচ্ছে সে ব্যাপারে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট।

# এদিকে, আইনি লড়াইয়ে চাকরি ফেরানো সহ একাধিক দাবীতে চাকরিহারা যোগ্য শিক্ষকদের একটি সংগঠন আজ SSC দফতর অভিযানের ডাক দিয়েছে।

৪/ রাজ্যের চিট ফান্ড দুর্নীতিতে আমানতকারীদের টাকা ফেরাতে হাইকোর্ট গঠিত দুটি কমিটি, আদালতের প্রশ্নের মুখে পড়েছে।

৫/ রাজ্য সরকার, টেলি মেডিসিন প্রকল্প 'স্বাস্থ্য ইঙ্গিত'-এ গত চার বছরে প্রায় ৬'কোটি মানুষকে পরিষেবা দিয়েছে।

*************************************************************

সাউথ ক্যালকাটা ল' কলেজে গত ২৫শে জুন রাতে আইনী পড়ুয়াকে ধর্ষণ কান্ডে জড়িত চার অভিযুক্তকে চারদিনের পুলিশ হেফাজত শেষে গতকাল ফের আলিপুর আদালতে পেশ করা হয়। আদালত মনোজিত মিশ্র, প্রমিত মুখোপাধ্যায় ও জাইব আহমেদ-কে আটই জুলাই পর্যন্ত পুলিশ হেপাজতের নির্দেশ দেয়। অন্যদিকে, নিরাপত্তা রক্ষী পিনাকি বন্দোপাধ্যায়কে চৌঠা জুলাই পর্যন্ত পুলিশি হেপাজতে পাঠানো হয়েছে। এদিকে, কসবার ঐ ধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত মনোজিৎ মিশ্র এবং দুই পড়ুয়া প্রমিত মুখোপাধ্যায় ও জাইব আহমেদকে কলেজ থেকে বহিষ্কার করা হয়েছে। ওই ঘটনার পর গতকাল কলেজের গভর্নিং বডি বা জিবির প্রথম বৈঠক বসে। পরিচালন কমিটির সভাপতি ও তৃণমূল কংগ্রেস বিধায়ক অশোক দেব বৈঠকের পর আশ্বাস দেন যত দ্রুত সম্ভব কলেজে সুস্থ পরিবেশ ফিরিয়ে আনার চেষ্টা করা হবে।

( একটি প্রতিবেদন- ভিসি- সুমন মুখার্জি )

অন্যদিকে, পাশ করার পাঁচ বছরের মধ্যে কলেজ ক্যাম্পাসে ঢোকার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছে যোগেশচন্দ্র চৌধুরী ল'কলেজের ছাত্র সংসদ। দক্ষিণ কলকাতার কসবা কান্ডের প্রেক্ষিতে ছাত্র সংসদের তরফে একটি নির্দেশিকায় জানানো হয়েছে, বিশেষ পরিস্থিতি ছাড়া পাশ করার পাঁচ বছরের মধ্যে প্রাক্তনীদের কলেজের কোনো অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো বা যোগদানের অনুমতি দেওয়া হবে না। এই নির্দেশিকা গতকাল থেকেই কার্যকর হয়েছে।

******************************

এদিকে, সাউথ ক্যালকাটা ল' কলেজে ধর্ষণের ঘটনায় দায়ের হওয়া জনস্বার্থ মামলাগুলির আগামীকাল শুনানি হবে বলে, কলকাতা হাইকোর্ট জানিয়েছে। দুই বিচারপতি সৌমেন সেন ও স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ, মামলার সব পক্ষকে নোটিশ দেওয়ার নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, কসবা কান্ডে নিরপেক্ষ তদন্ত ও অভিযুক্তদের যথাযথ শাস্তির পাশাপাশি, রাজ্যের কলেজগুলিতে নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করা, ছাত্র সংসদের নির্বাচন

দীর্ঘদিন না হওয়া সত্বেও কলেজ ইউনিয়ানগুলির বৈধতা সহ বেশ কয়েকটি অভিযোগে, কলকাতা হাইকোর্টে মোট তিনটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

আইনী পড়ুয়ার কলেজ ক্যাম্পাসে ধর্ষণের প্রতিবাদে আজ কালীঘাট থেকে কসবা পর্যন্ত মিছিল করার জন্য পুলিশের অনুমতি না মেলায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে বিজেপি যুব মোর্চা।

*****************************

উৎসশ্রী পোর্টালের মাধ্যমে শিক্ষকদের সাধারণ বদলির ক্ষেত্রে স্থগিতাদেশের মেয়াদ বাড়িয়েছে রাজ্য সরকার। এই মর্মে স্কুল শিক্ষা দপ্তরের তরফে একটি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বিশেষ পরিস্থিতি ছাড়া আগামী ৩১শে ডিসেম্বর পর্যন্ত কেবলমাত্র মিউচুয়াল ট্রান্সফার বা পারস্পরিক বদলি প্রক্রিয়ার আবেদন জানানো যাবে এই পোর্টালের মাধ্যমে।

উল্লেখ্য , পুরোনো বিজ্ঞপ্তিতে এই স্থগিতাদেশের সময়সীমা চলতি বছরের ৩০ জুন পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল।

*****************************

উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ দ্বাদশ শ্রেণীর তৃতীয় সেমিস্টারে রেজিস্ট্রেশনের জন্য নতুন সূচী প্রকাশ করেছে। সংসদের তরফে এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৭ই জুলাইয়ের পরিবর্তে আগামী ১৪ই জুলাই থেকে ২৪শে জুলাই পর্যন্ত অনলাইনে এনরোলমেন্ট ফর্ম জমা দেওয়া যাবে। সাধারণ ক্যান্ডিডেটের পাশাপাশি কন্টিনিউইং ও স্পেশাল ক্যান্ডিডেটরাও এই সময়সীমার মধ্যে নাম নথিভুক্ত করতে পারবে। আগামী ২৩ জুলাই সংসদের অনলাইন পোর্টালে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন চেকলিস্ট প্রকাশ করা হবে এবং ১৩ আগস্ট স্কুলগুলো শিক্ষার্থীদের জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু করতে পারবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে।

*****************************

রাজ্যে স্নাতক স্তরে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদনের সময়সীমা আরও ১৫ দিন বাড়িয়েছে উচ্চ শিক্ষা দফতর। প্রথম পর্যায়ে অনলাইনে আবেদন জানানোর শেষ দিন ছিল গতকাল অর্থাৎ পয়লা জুলাই। তবে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে ঐ সময়সীমা ১৫ জুলাই পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন।

উল্লেখ্য, গত ১৮ জুন থেকে কেন্দ্রীয় পোর্টালে আবেদন জানানোর প্রক্রিয়া শুরু হয়েছে। মোট তিন লক্ষ ২৫ হাজার ৩৪২ জন গতকাল পর্যন্ত পোর্টালে নাম নথিভুক্ত করেছেন। ভিন রাজ্যের মোট ২৯০১ জন পড়ুয়া এই পোর্টালে ভর্তির আবেদন জানিয়েছেন।

******************************

আইনি লড়াইয়ে চাকরি ফেরানো, অযোগ্যদের বরখাস্ত করা সহ একাধিক দাবিতে চাকরিহারা যোগ্য শিক্ষকদের একটি সংগঠন আজ SSC দফতর অভিযানের ডাক দিয়েছে। 'ওয়েস্ট বেঙ্গল আনটেন্টেড টিচার্স অ্যাসোসিয়েশন-এর তরফে চাকরিহারা শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা করুণাময়ী মোড় থেকে মিছিল শুরু করে আচার্য সদন পর্যন্ত যাবেন। সংগঠনের তরফে মৃণ্ময় মন্ডল বলেন, আইনি রাস্তায় তাঁদের চাকরিতে পুনর্বহাল করতে হবে সরকারকে। এছাড়াও সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী যোগ্য ও অযোগ্যদের সার্টিফায়েড তালিকা হলফনামা করে জমা দেওয়া এবং অযোগ্যদের অবিলম্বে বরখাস্ত করার দাবিতেও গণডেপুটেশন দেবেন তাঁরা।

******************************

রাজ্য সরকারের কোষাগার থেকে বেতন প্রাপ্ত সমস্ত শিক্ষক ও কর্মচারীদের বকেয়া মহার্ঘ ভাতা প্রদানের ক্ষেত্রে দেশের সর্বোচ্চ আদালতের নির্দেশ অমান্য করে রাজ্য সরকার, কর্মচারীদের ন্যায্য অধিকারকে উপেক্ষা করছে বলে রাজ্য কো-অর্ডিনেশন কমিটি মনে করে। এর প্রতিবাদে আগামী ৯ জুলাই প্রস্তাবিত ধর্মঘটের সমর্থনে তারা ৪ ঠা জুলাই দু'ঘন্টার 'পেন ডাউন' কর্মসূচীর ডাক দিয়েছে।

রাজ্য সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন 'সংগ্রামী যৌথ মঞ্চ' তাকে সমর্থন জানাবে। কলকাতায় গতকাল সংগ্রামী যৌথ মঞ্চ ও যৌথ মঞ্চের যৌথ সাংবাদিক সম্মেলনে

সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেন, ওই কর্মসূচির প্রতি তারা সহানুভূতিশীল।

***************************

রাজ্যের চিটফান্ড দুর্নীতিতে আমানতকারীদের টাকা ফেরাতে হাইকোর্টের গঠিত দুই কমিটি আদালতের প্রশ্নের মুখে পড়েছে। বিচারপতি সত্যেন্দ্র তালুকদার কমিটি গত ১০ বছরে কতগুলি কোম্পানীর সম্পত্তি বাজেয়াপ্ত করেছে, কত সম্পত্তি বিক্রি করেছে, কোন কোম্পানীর কত আমানতকারীকে কত টাকা ফেরত দেওয়া হয়েছে, এই সংক্রান্ত বিস্তারিত হিসেব দিতে না পারায় দুই বিচারপতি রাজর্ষী ভরদ্বাজ ও অপূর্ব সিনহা রায়ের ডিভিশন বেঞ্চ উষ্মা প্রকাশ করেন। আগামী শুনানিতে এসংক্রান্ত বিস্তারিত রিপোর্ট আইনজীবীকে দিতে নির্দেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ।

রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরাতে গঠিত বিচারপতি দিলীপ শেঠ কমিটির ভূমিকায়ও ডিভিশন বেঞ্চ তাদের ক্ষোভ ব্যক্ত করেছে। আপাতত হাইকোর্টের নির্দেশ ছাড়া ওই কমিটি কোন সিদ্ধান্ত নিতে পারবে না বলে ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছে। ১৫-ই জুলাই ফের এই মামলার শুনানি হবে।

****************************

কলকাতা হাইকোর্ট, ভারতীয় ক্রিকেট দলের পেস বোলার মহম্মদ শামিকে, তাঁর প্রাক্তন স্ত্রী হাসিন জাহানকে মাসিক ৪ লক্ষ টাকা খোরপোষ দেওয়ার নির্দেশ দিয়েছে। বিচারপতি অজয় মুখোপাধ্যায় এক নির্দেশে জানিয়েছেন, মহম্মদ শামি তাঁর প্রাক্তন স্ত্রীকে মাসিক দেড় লক্ষ ও নাবালিকা মেয়ের ভরণ পোষণের জন্য আড়াই লক্ষ টাকা করে দেবেন।

****************************

কালিগঞ্জ উপনির্বাচনে বিজয়ী প্রার্থী তৃণমূল কংগ্রেসের আলিফা আহমেদ আজ শপথ নেবেন। বিধানসভা ভবনে এক অনুষ্ঠানে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তাঁকে শপথ বাক্য পাঠ করাবেন। নদীয়ার কালীগঞ্জ বিধানসভার উপনির্বাচনে

নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপির আশিস ঘোষকে ৫০ হাজারের বেশি ভোটে হারিয়ে জয়লাভ করেন ওই কেন্দ্রের অকাল প্রয়াত প্রাক্তন বিধায়ক নাসিরউদ্দিন আহমেদের কন্যা অলিফা আহমেদ।

*****************************

কোনোরকম শর্ত ছাড়াই গতবছর ভোটার তালিকায় যাদের নাম ছিল, তা' অপরিবর্তিত রাখার দাবী জানিয়ে তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল গতকাল নতুন দিল্লিতে কমিশনের সদর কার্যালয়ে গিয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

*****************************

রাজ্য সরকার গ্রামীণ এলাকার স্বাস্থ্য পরিষেবার উন্নতিকল্পে গৃহীত টেলিমেডিসিন প্রকল্প স্বাস্থ্য ইঙ্গিতে গত চার বছরে প্রায় ছ'কোটি মানুষকে পরিষেবা দিয়েছে। বর্তমানে রাজ্যের গ্রামীণ এলাকায় ১০ হাজার সুস্বাস্থ্য কেন্দ্র থেকে এই পরিষেবা পাওয়া যাচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক্স হ্যান্ডেলে জানান। এই প্রকল্পের মাধ্যমে গ্রামীণ এলাকায় রোগীরা নিউরোলজি, নেফ্রোলজি, কার্ডিওলজি ও অঙ্কোলজি বিভাগে বিশেষজ্ঞদের পরামর্শ পাচ্ছেন। এই মাইলফলক অতিক্রম করার জন্য মুখ্যমন্ত্রী, স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত সমস্ত চিকিৎসক, নার্স ও প্যারামেডিক্যাল কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন।

*****************************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন উত্তর ওড়িশার ওপর সৃষ্ট নিম্নচাপ অঞ্চলটি ধীরে ধীরে পশ্চিম-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে ঝাড়খন্ড পেরিয়ে যাবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সোমনাথ দত্ত জানিয়েছেন। একইসঙ্গে সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই সপ্তাহ জুড়ে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সোমনাথ দত্ত।

এদিকে, উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৩৫ থেকে ৪৫ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। ফলে সমুদ্র উত্তাল থাকবে। মৎস্যজীবীদের আজ'ও সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

*************************************************************************